



ডিসেম্বরেই নির্বাচনের তফসিল, যুক্ত হবে প্রায় ২০ লাখ নতুন ভোটার: নির্বাচন কমিশনার



সংগৃহীত ছবি

জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ডিসেম্বরের প্রথমার্ধে ঘোষণা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। আগামী ৩১ অক্টোবর পর্যন্ত যারা ভোটার হবেন তারা আগামী নির্বাচনে ভোট দিতে পারবেন বলেও জানান তিনি। বৃহস্পতিবার (৭ আগস্ট) আগারগাঁওয়ের নির্বাচন ভবনে কমিশন সভা শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান।

তিনি বলেন, "আগামী ৩১ অক্টোবর পর্যন্ত যারা ভোটার হবেন, তাঁরা আসন্ন জাতীয় নির্বাচনে ভোট দিতে পারবেন।" এতে প্রায় ১৮ থেকে ২০ লাখ নতুন ভোটার ভোটার তালিকায় যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানান নির্বাচন কমিশনার।

নতুন ভোটারদের পাশাপাশি এবারের নির্বাচনে প্রবাসীদের অংশগ্রহণও বিবেচনায় রেখেছে কমিশন। সানাউল্লাহ এ সম্পর্কে বলেন, "প্রবাসী বাংলাদেশিরা এবার পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। তবে এ জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে।" তিনি আরও জানান, প্রবাসী ভোটারদের এ প্রক্রিয়া সম্পর্কে অবহিত করতে সেপ্টেম্বর মাস থেকে সচেতনামূলক কার্যক্রম শুরু করবে নির্বাচন কমিশন।

নির্বাচনী নিরাপত্তা ও প্রযুক্তি ব্যবহারের বিষয়ে সানাউল্লাহ বলেন, "নির্বাচনে কোনো প্রার্থী কিংবা তার এজেন্ট ড্রোন বা কোয়াদকপ্টার ব্যবহার করতে পারবেন না। তবে প্রয়োজনে নির্বাচন কমিশন নিজস্ব ব্যবস্থাপনায় পর্যবেক্ষণের জন্য ড্রোন ব্যবহার করার বিষয়টি বিবেচনায় রাখতে পারে।"

ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রে নজরদারির জন্য সিসিটিভি ব্যবহারের সম্ভাবনা থাকলেও এটি এখনো চূড়ান্ত হয়নি। কমিশনার জানান, "দেশজুড়ে প্রায় ৪৫ হাজার কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন একটি ব্যয়বহুল ও কারিগরি দিক দিয়ে জটিল প্রক্রিয়া। এত সংখ্যক ক্যামেরা কেনা কিংবা ভাড়া নেওয়া সহজ নয়।"

তিনি আরও জানান, এ বিষয়ে একটি কমিটি কাজ করছে এবং বিকল্প উপায় খুঁজে দেখছে। বিদ্যমান সিসিটিভি ক্যামেরা ব্যবহার, অথবা বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ক্যামেরা ভাড়া নেওয়ার মতো প্রস্তাবগুলোও কমিশনের বিবেচনায় রয়েছে।